

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
প্রশাসন-২ অধিশাখা, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.moca.gov.bd

স্মারক: ৪৩.০০.০০০০.১১২.০২.০৫১.১৭.

তারিখ: ০২ বৈশাখ ১৪২৫  
১৫ এপ্রিল ২০১৮

প্রেরক: হাসনা জাহান খানম  
যুগ্মসচিব (প্রশাসন-২)  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
৩য় ফেজ, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয়ঃ মটর সাইকেল অগ্রিম ঋণ মঞ্জুরী।**

জনাব,

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, চলতি ২০১৭-২০১৮ অর্থ সালে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অনুকূলে মটর সাইকেল অগ্রিম ঋণ মঞ্জুরী বাবদ ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা থেকে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের পরিচ্ছন্নতা কর্মী জনাব মোঃ নজরুল ইসলাম এর অনুকূলে মটর সাইকেল অগ্রিম ঋণ মঞ্জুরী বাবদ ৩৫,০০০/- (পঁয়ত্রিশ হাজার) টাকা জনস্বার্থে মঞ্জুরী প্রদান করা হলো।

- ২। এই মঞ্জুরীকৃত অগ্রিমের টাকা তাঁর মাসিক বেতন বিল হতে ৫৮০/- টাকা হারে ৫৯ কিস্তি এবং শেষ কিস্তিতে ৭৮০/- টাকা কর্তন করা হবে। পরবর্তীতে সময়ে ১০% হারে সুদ কর্তন করা হবে। কোন কারণ বশতঃ মূল টাকার কোন কিস্তি বা কর্তনকৃত সুদ যথাসময়ে প্রদানে ব্যর্থ হলে দন্ড সুদ বাবদ ১১% হারে কর্তন করা হবে।
- ৩। তিনি সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের একজন স্থায়ী কর্মচারী। তার মাসিক মূল বেতন ১০,০৫০/- টাকা। তার জন্ম তারিখ ৩০-০৬-১৯৮৪ তিনি ১৫-১১-২০১২ তারিখ হতে সরকারী চাকুরীতে নিয়োজিত আছেন। তাঁর নিকট এখাতে সরকারের কোন পাওনা নাই। তিনি ইতোপূর্বে এ খাতে কোন ঋণ অগ্রিম গ্রহণ করেন নাই। তাঁর ঋণ অগ্রিম পরিশোধের বিষয়ে দু'জন কর্মচারী নিশ্চয়তা প্রদান করেছেন।
- ৪। ঋণ গ্রহণের এক মাসের মধ্যে মটর সাইকেল ক্রয়ের রশিদ দাখিল করতে হবে। অগ্রিম গ্রহণের পরবর্তী মাসের বেতন বিল হতে কিস্তির টাকা কর্তন করা হবে। অগ্রিম গ্রহণের সাথে সাথে অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ (বাজেট অনুবিভাগ)-কে অবহিত করতে হবে।
- ৫। উক্ত ব্যয় ২০১৭-২০১৮ অর্থ সালের সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের হিসাবের খাত '৩-৩৪০১-০০০১-৭৪০০ এর অন্তর্ভুক্ত ৭৪২১' মটর সাইকেল অগ্রিম খাতের বরাদ্দ হতে মিটানো হবে।
- ৬। অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের ০৪-১২-২০০৭ খিঃ তারিখ জারীকৃত অম/অবি/বা-১/বিবিধ(৪৭)/২০০৭/১০৫৫ সংখ্যক আদেশের ক্ষমতাবলে এই আদেশ জারী করা হলো।
- ৭। এই আদেশে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।


স্বাক্ষর/-  
(হাসনা জাহান খানম)  
যুগ্মসচিব  
ফোন: ৯৫৭০৬৬৫

স্মারক: ৪৩.০০.০০০০.১১২.০২.০৫১.১৭. ৬২৫

তারিখ: ০২ বৈশাখ ১৪২৫  
১৫ এপ্রিল ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

- ০১। মহাপরিচালক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০২। উপসচিব (বাজেট ব্যবস্থাপনা), সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৪। সিনিয়র সহকারী সচিব ও ডিডিও, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৬। সহকারী প্রোগ্রামার, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। অতিরিক্ত সচিব (প্রশাসন) এর ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৮। হিসাবরক্ষণ কর্মকর্তা/হিসাব রক্ষক, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ০৯। জনাব মোঃ নজরুল ইসলাম, পরিচ্ছন্নতা কর্মী, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
- ১০। অফিস কপি/গার্ড ফাইল।

  
১৫.০৪.১৮  
(হাসনা জাহান খানম)  
যুগ্মসচিব